

জীবনের গান

একটি ছেলে শহর দাপায়, টি বানায় একটি মেয়ে
একটি ছেলে আকাশপ্রদীপ এগিয়ে চলে স্বপ্ন বেয়ে
একটি ছেলে মাটির গন্ধেমাতাল হলে
সেই মেয়েটি ঈষৎ হেসে ক্লান্তিগুলো নেয় চেয়ে
একটি ছেলে শহর দাপায়, টি বানায় একটি মেয়ে।

একটি মেয়ে ঘরে বসালে ছবি আঁকে একটা ছেলে
একটি মেয়ে স্পর্শচাঁপা বাঁচাতে চায় তেলে - জলে
একটি মেয়ে আলতো সোহাগ চাইলে গায়ে
সেই ছেলেটা মুগ্ধ চোখে চন্দন তেল দেয় ঢেলে
একটি মেয়ে ঘরে বসালে ছবি আঁকে একটা ছেলে।

একটি ছেলে সেই ছেলেটা বসন্ত তো ভালবাসে
একটা মেয়ে সেই মেয়েটা চোখ তুললেই চারপাশে
স্বপ্নগুলো আকাশ থেকে নামিয়ে এনে মেশাও সুর
ভালবাসার মাঝে কেন থাকবে এমন যোজন দূর।

একটি ছেলে শহর দাপায়, টি বানায় একটি মেয়ে
একটি মেয়ে ঘরে বসালে ছবি আঁকে একটা ছেলে।

মুজতবা আল্ মামুন